ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
(An Enterprise of BPDB)

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর
বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড,
ওজোপাডিকোলিঃ, খুলনা।
ফোনঃ ০৪১-৮১১৫৭৪

সুত্র নং-২৭.২২.৪৭৮৫.০০৪.০৭.০০১.১৯.২৭৭৫ তাং- ২১/১০/২০১৯ ইং

চেয়ারম্যান
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা)
১ কাওরান বাজার
ঢাকা-১২১৫।

বিষয়ঃ **বিদ্যুতের পাইকারি মূল্যহার নির্ধারণের সময় বিদ্যুতের খুচরা মূল্যহার নির্ধারনের অনুরোধ প্রসঙ্গে।**

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসেম্বর ২০১৭ সনে বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধির পর এখন পর্যন্ত খুচরা মূল্যহার বৃদ্ধি করা হয়নি। ইতোমধ্যে ওজোপাডিকো'র বিতরণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিতরণ ব্যয়ের মধ্যে বিশেষ করে জনবলের বেতন-ভাতা ও নতুন প্রকল্পের জন্য ঋনের সুদ বৃদ্ধি সহ অন্যান্য পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে। Break-even অবস্থায় পরিচালনার জন্য খুচরা বিক্রয়ের সাথে বৃদ্ধিপ্রাপ্ত বিতরণ ব্যয় সমন্বয় করা প্রয়োজন।

২০২০ সনের জানুয়ারী থেকে পাইকারী পর্যায়ে বিদ্যুৎ এর মূল্যহার বৃদ্ধি পেলে ওজোপাডিকো'র বিদ্যুতের খুচরা মূল্যহার সমহারে বৃদ্ধি করা প্রয়োজন।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বি ই আর সি) কর্তৃক নতুন ভাবে ২০২০ সালে বিদ্যুতের পাইকারী মূল্যহার বৃদ্ধি করা হলে ওজোপাডিকো'র বিতরণ বৃদ্ধি ও বাল্ক রেট বিবেচনায় নিয়ে খুচরা বিদ্যুতের মূল্যহার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১) বিইআরসি'র নির্ধাররিত ফরম পূরনকৃত।
২) ওজোপাডিকো কর্তৃক ১,০০,০০০/= (এক লক্ষ) টাকার চেক
(ডাচ বাংলা ব্যাংক, খুলনা শাখার চেক নং: ৪৬১৫১৭৯, তারিখঃ ২০.১০.২০১৯ ইং)

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
ডাইরী নং ৭৩২৪ তারিখঃ ২৩/১০/১৯
সদস্য (পেট্রো/আইন)
সদস্য (প্রশাসন ও অর্থ)
সদস্য (গ্যাস)
সদস্য (বিদ্যুৎ) ✓
সচিব
১। নথিতে উপস্থাপন করুন
২। পরীক্ষান্তে মতামতসহ পেশ করুন
৩। এ সম্পর্কে একটি প্রতিবেদন পেশ করুন
৪। Please attend
চেয়ারম্যান

(মোঃ শফিক উদ্দিন)
ব্যবস্থাপনা পরিচালক।
ফোনঃ ০৪১-৮১১৫৭৪
ই-মেইলঃ wzpdcl.md@gmail.com

অনুলিপিঃ অবগতির জন্য প্রেরিত হলো।

১। নির্বাহী পরিচালক (প্রকৌশল/অর্থ), ওজোপাডিকো, খুলনা।
২। প্রধান প্রকৌশলী, ওএন্ডএম,এসএন্ডডি, ওজোপাডিকো, খুলনা।
৩। উপ-মহাব্যবস্থাপক (হিসাব),ওজোপাডিকো, খুলনা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (বানিজ্যিক) ও দায়িত্ব প্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ওজোপাডিকো সদর দপ্তর, খুলনা।
৫। দপ্তর নথি।

K:\1.Forwarding Letter wzpdcl.doc

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর বিদ্যুতের পাইকারী মূল্যহার নির্ধারণের সময় বিদ্যুতের খুচরা মূল্যহার সমহারে বৃদ্ধির অনুরোধ সহ প্রয়োজনীয় তথ্য সরবরাহ প্রসঙ্গে।

১. খুচরা মূল্যহার বৃদ্ধির প্রেক্ষাপট:

ডিসেম্বর ২০১৭ হতে বিদ্যুতের পাইকারী মূল্যহার বৃদ্ধির সময় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর আদেশ নং- ২০১৭/১৪ তারিখঃ ২৩-১১-২০১৭ ইং মোতাবেক ডিসেম্বর ২০১৭ থেকে খুচরা বিদ্যুৎ মূল্যহার বৃদ্ধি করা হয়েছিল। আগামী ১ জানুয়ারি ২০২০ থেকে বিদ্যুতের পাইকারী মূল্যহার নির্ধারণের সময় ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর খুচরা বিদ্যুৎ মূল্যহার সমহারে বৃদ্ধির প্রয়োজন।

২. ট্যারিফ পরিবর্তনের যৌক্তিকতা:

খুচরা বিদ্যুৎ মূল্যহার ২০১৭ সালে বৃদ্ধির পর দুই বছর অতিক্রান্ত হয়েছে। গত দুই বছরে ওজোপাডিকো'র বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার ব্যাপক উন্নয়নের ফলে সিস্টেম লস্ হ্রাস এবং সেবার মান বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করতে বিভিন্ন খাতে বিতরণ ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিতরণ ব্যয় বৃদ্ধির প্রধান খাত সমূহ যেমনঃ জনবলের বেতন-ভাতা খাতে ব্যয় বৃদ্ধি, অবচয় খাতের ব্যয় বৃদ্ধি, ঋণের সুদের ব্যয় বৃদ্ধি, পরিচালন ব্যয় বৃদ্ধি, প্রি-পেইড মিটার গ্রাহকদের ১% হারে রিবেট প্রদান ইত্যাদি। উক্ত খাতের ব্যয় সহ সকল ব্যয় বৃদ্ধির জন্য বিদ্যুতের বিক্রয় মূল্য পুনঃনির্ধারণ প্রয়োজন।

৩. বিদ্যুৎ ক্রয়, বিতরণ লস ও বিদ্যুৎ বিক্রয়ের বিবরণ:

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর গ্রাহক সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিদ্যুৎ ক্রয়ের পরিমান বৃদ্ধি পাচ্ছে। বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির কারনে সিস্টেম লস্ও ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। সিস্টেম লস্ হ্রাস পাওয়ার প্রেক্ষিতে প্রতি বছরই বিদ্যুৎ বিক্রয়ের পরিমানও বৃদ্ধি পাচ্ছে। গত কয়েক বছরে বিদ্যুৎ ক্রয়ের পরিমান বৃদ্ধি ও সিস্টেম লস্ হ্রাসের হার নিম্নরূপঃ

অর্থ বছর	বিদ্যুৎ ক্রয়ের পরিমান বৃদ্ধির হার	সিস্টেম লসের হার
২০১৪-১৫	৭.৭৭%	১০.২৫%
২০১৫-১৬	১০.৫৫%	৯.৯৮%
২০১৬-১৭	৫.৯৯%	৯.৫৭%
২০১৭-১৮	৬.৫৬%	৯,২৪%
২০১৮-১৯	৮.৭৮%	৮.৮৩%
২০১৯-২০ (সম্ভাব্য)	৮.৮৫%	৮.৭০%

বিদ্যুৎ ক্রয়, সিস্টেম লস এবং খুচরা বিক্রয়ের তথ্যাবলী "ছক-১" অনুযায়ী নিম্নে উপস্থাপন করা হলোঃ

ছক-১:

বিবরণ	২০১৮-১৯ অর্থবছর (প্রকৃত)			২০১৯-২০ অর্থবছর (প্রাক্কলিত)			১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ এর (প্রাক্কলিত)		
	বিদ্যুৎ ক্রয় (কি.ও.ঘ.)[১]	সিস্টেম লস (%)[২]	বিদ্যুৎ বিক্রয় (কি.ও.ঘ.)[৩]	বিদ্যুৎ ক্রয় (কি.ও.ঘ.)	সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (কি.ও.ঘ.)	বিদ্যুৎ ক্রয় (কি.ও.ঘ.)	সিস্টেম লস (%)	বিদ্যুৎ বিক্রয় (কি.ও.ঘ.)
(ক) সিঙ্গেল বায়ার হতে ক্রয়									
১। ৩৩ কেভি (গ্রীড)	৩৪৮,৯৫,১৩,২২০			৩৭৯,৮৩,৩৯,৮৫১			৩৯৫,৭৩,০৩,০৭৪		
২। ৩৩ কেভি (নন-গ্রীড)	-								
৩। ১৩২ কেভি	-								
৪। ২৩০ কেভি	-								
উপ-মোট:	৩৪৮,৯৫,১৩,২২০			৩৭৯,৮৩,৩৯,৮৫১			৩৯৫,৭৩,০৩,০৭৪		
(খ) সরাসরি বিদ্যুৎ ক্রয়:		৮.৮৩	৩১৮,২৫,০০,৬৯৪		৮.৭০	৩৪৬,৮৯,২৫,৭৫৬		৮.৬০	৩৬১,৮০,৮৯,৫৬৩
১। আইপিপি	-								
২। ক্যাপটিভ	-								
৩। সোলার	-								
৪। অন্যান্য (মনপুরা), নিজস্ব জেনারেশন	১১,০৮,৭১৫			১১,৪০,৭১৫			১২,১৯,৪২৪		
উপ-মোট:	১১,০৮,৭১৫			১১,৪০,৭১৫			১২,১৯,৪২৪		
সর্বমোট (ক+খ):	৩৪৯,০৬,২১,৯৩৫			৩৭৯,৯৪,৮০,৫৬৬			৩৯৫,৮৫,২২,৪৯৮		

৪. যাচাই বর্ষ/টেস্ট ইয়ার ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছর এবং ১ জানু'-৩১ ডিসেম্বর ২০২০ পঞ্জিকাবর্ষের আর্থিক বিবরণী:
২০১৮-১৯ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন সংযুক্ত করা হলো।

বিদ্যুৎ বিতরণ ব্যয়ের তথ্য নিম্নের ছক-২ (ক) তে দেখানো হলোঃ
ছক-২(ক):

ক্রমিক নং	বিবরণ	২০১৮-২০১৯ অর্থবছর (প্রকৃত) মিঃ টাকাঃ	২০১৯-২০২০ অর্থবছর (প্রাক্কলিত) মিঃ টাকাঃ	২০২০ পঞ্জিকাবর্ষ [ট্যারিফ বর্ষ] (প্রাক্কলিত) মিঃ টাকাঃ
১	জনবল ব্যয়	১,৯৫৬.৬৯	২,১৫২.৩৬	২,৩০৩.০২
২	মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়	১৬৫.৯৭	১৮২.৫৭	১৯৫.৩৫
৩	অফিস, প্রশাসনিক ও সাধারণ ব্যয়	৪২৫.০৪	৪৬৭.৫৫	৫০০.২৮
৪	অবচয়	৫৩৯.৪৭	৮৩৬.৩২	৮৯৪.৮৬
৫	বৈদেশিক মুদ্রার বিনিময় হারের হ্রাস-বৃদ্ধিজনিত ব্যয়	২১.৯৭	২৪.১৭	২৫.৮৬
৬	রিটার্ন অন রেট বেজ (৬.১৪%)	৯৭৮.২৯	১,০৭৬.১২	১,১৫১.৪৫
৭	কর্পোরেট ট্যাক্স	৪০৮.৯৩	৪৪৯.৮৩	৪৮১.৩১
৮	**মোট বিতরণ ব্যয়/মোট বার্ষিক রাজস্ব চাহিদা (টাকা) [১+২+৩+৪+৫+৬+৭]**	৪,৪৯৬.৩৭	৫,১৮৮.৯১	৫,৫৫২.১৩
৯	অন্যান্য আয় (টাকা)	৩৯৯.২৯	৪৩৯.২২	৪৬৯.৯৬
১০	নীট বিতরণ ব্যয়/নীট বার্ষিক রাজস্ব চাহিদা (টাকা) [৮-৯]	৪,০৯৭.০৮	৪,৭৪৯.৬৯	৫,০৮২.১৭
১১	খুচরা বিদ্যুৎ বিক্রয় (কি.ও. ঘণ্টা)	৩,১৮২.৫০	৩,৪৬৮.৯৩	৩,৬১৮.০৯
১২	বিতরণ (ডিস্ট্রিবিউশন) রেট (টাকা/কি.ও.ঘন্টা) [১০/১১]	১.২৯	১.৩৭	১.৪০

[সংযুক্তি-৩: (১) রিটার্ন অন রেট বেজ হিসাবের বিস্তারিত তথ্য;
(২) মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণে ব্যয় [উপরোক্ত ছকের ক্রমিক ১, ২ এবং ৩ এর বিস্তারিত বিবরণ;
(৩) পঞ্জিকাবর্ষ ২০২০ অর্থাৎ ১ জানু-৩১ ডিসেম্বর ২০২০ এর সকল প্রাক্কলিত ব্যয় বিবরণী;
(৪) অর্থবছর ২০১৮-১৯ এর নিরীক্ষা প্রতিবেদন;
(৫) ২০১৯-২০ এবং ২০২০ পঞ্জিকাবর্ষের Fixed Asset এবং Depreciation সিডিউল।]

ছক-২(খ): বিদ্যুৎ ক্রয় ও ব্যয়ের তথ্য নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	২০১৮-২০১৯ অর্থবছর			
		বিদ্যুৎ ক্রয় ব্যয়		সঞ্চালন ব্যয়	
		পরিমাণ (কি.ও.ঘ.)	টাকা	পরিমাণ (কি.ও.ঘ.)	টাকা
১	**সিঙ্গেল বায়ার থেকে বিদ্যুৎ ক্রয় ও সঞ্চালন ব্যয়**				
	ক. ৩৩ কেভি লেভেলে ক্রয় (গ্রীড)	৩৪৮,৯৫,১৩,২২০	১৬৮৯,০৮,৬৮,৩৮৯	৩৪০,৫৩,১২,৪৭৬	৯৫,০৪,২২,৭১১
	খ. ৩৩ কেভি লেভেলে ক্রয় (নন-গ্রীড)	-	-	-	-
	গ. ১৩২ কেভি লেভেলে ক্রয়	-	-	-	-
	ঘ. ২৩০ কেভি লেভেলে ক্রয়	-	-	-	-
	উপ-মোট:	৩৪৮,৯৫,১৩,২২০	১৬৮৯,০৮,৬৮,৩৮৯	৩৪০,৫৩,১২,৪৭৬	৯৫,০৪,২২,৭১১
২	**সরাসরি বিদ্যুৎ ক্রয়**				
	ক. আইপিপি				
	খ. ক্যাপটিভ				
	গ. সোলার/ নবায়নযোগ্য				
	উপ-মোট:				
৩	**মোট (১+২):**	৩৪৮,৯৫,১৩,২২০	১৬৮৯,০৮,৬৮,৩৮৯	৩৪০,৫৩,১২,৪৭৬	৯৫,০৪,২২,৭১১
৪	মোট বিদ্যুৎ ক্রয় ও সঞ্চালন বাবদ ব্যয় (টাকা)		১৭৮৪,১২,৯১,১০০		
৫	খুচরা বিদ্যুৎ বিক্রয় (কি.ও. ঘন্টা)		৩১৮,২৫,০০,৬৯৪		
৬	এনার্জি রেট (টাকা/ কি.ও. ঘন্টা)		৪.৮৩৪		

৫. যাচাই বর্ষ/টেস্ট ইয়ার ২০১৮-১৯ এর সার্বিক আয় বিবরণী:

২০১৮-১৯ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী বিদ্যুৎ বিক্রয় (মিঃকিঃওঃঘঃ), বিদ্যুৎ বিক্রয় (টাকা), ডিমান্ড চার্জ ও অন্যান্য আয় নিম্নরপ যা সংযুক্তি- ৫ ও সংযুক্তি-৬ এ দেখানো হয়েছে।

সংযুক্তি-৫:

বিবরণ	টাকা (মিলিয়ন)
বিদ্যুৎ বিক্রয়	৩,১৮২.৫০ কিঃওঃঘঃ
বিদ্যুৎ বিক্রয়	২০,৮৪৩.৪৪ টাকা
ডিমান্ড চার্জ	১,০৭২.১৭ টাকা

সংযুক্তি-৬:

সবমোট অন্যান্য আয়	১,৯৩৮.২৮ টাকা

৬. আগামী ২০২০ পঞ্জিকাবর্ষ অর্থাৎ ১ জানুয়ারি ২০২০ হতে বিদ্যুতের পাইকারী মূল্যহার বৃদ্ধি পেলে একই হারে ওজোপাডিকো'র খুচরা মূল্যহার বৃদ্ধি না পেলে ওজোপাডিকো আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্থ হবে। কারন ডিসেম্বর ২০১৭ সনে বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধির সময় ওজোপাডিকো'র সকল শ্রেনীর গ্রাহকের জন্য গড়ে ১০.৩৬% হারে মূল্য বৃদ্ধির প্রস্তাবের প্রেক্ষিতে গড়ে ৫.৮০% বৃদ্ধি করা হয়। যা প্রস্তাবিত বৃদ্ধির হার অপেক্ষা ৪.৫৬% কম ছিল।

৭. কমিশন কর্তৃক প্রদত্ত আদেশ বাস্তবায়ন:

কমিশন কর্তৃক ২০১৭ সালে প্রদত্ত মূল্যহার আদেশ ও নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছে।

৮. খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি'র ওপর মতামত:

কমিশন কর্তৃক ২০১৭ সালে প্রদত্ত মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ ফি ওজোপাডিকোতে বাস্তবায়ন করা হয়েছে। এ সম্পর্কে মতামত পরবর্তীতে প্রেরণ করা হবে।

২০১৭ সালে খুচরা মূল্যহার যে হারে বৃদ্ধি করা হয়েছে তাতে শুধুমাত্র বিদ্যুৎ বিক্রয় করে ওজোপাডিকো'র লাভ হয় না। কিন্তু কোম্পানীকে লাভজনক করার জন্য সিস্টেম লস্ ক্রমাগতভাবে কমানো এবং অন্যান্য খাতে আয় বৃদ্ধির চেষ্টা করা হচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে অন্যান্য আয় হিসাবভূক্ত করার পর ওজোপাডিকো'র কর পরবর্তী নীট মুনাফা ৭৫৯.৭৭ মিলিয়ন টাকা অর্জন করা সম্ভব হয়েছে। ২০১৯-২০ অর্থবছরে অন্যান্য আয় ২০১৮-১৯ অর্থবছরের মত অর্জন না হলে কোম্পানীর মুনাফা অর্জন কঠিন হবে।

ওজোপাডিকো'র বিভিন্ন পরিচালন ব্যয় বৃদ্ধি বিবেচনা এবং ২০২০ সালের জানুয়ারী থেকে বিদ্যুতের পাইকারী মূল্যহার বৃদ্ধি করা হলে, যে হারে পাইকারী মূল্যহার বৃদ্ধি পাবে অনুরুপ হারে ওজোপাডিকো'র বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধির বিষয়টি কমিশনের সুবিবেচনার জন্য অনুরোধ করা হলো।

২৭/০১/২০১৯

(মোঃ রোকনউজ্জামান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
বাণিজ্যিক পরিচালন
ওজোপাডিকো, খুলনা।